

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

বৃহস্পতিবার ১৭ বৈশাখ ১৪৩৩ মোতাবেক ৩০ এপ্রিল ২০২৬
সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য

দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর

(পানি সম্পদ মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়,
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়)

বেসরকারি সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব

উত্থাপনীয় সিদ্ধান্ত-প্রস্তাব

- ১। জনাব মোঃ মতিয়ার রহমান (ঝিনাইদহ-৩), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার দত্তনগর কৃষি ফার্ম কেন্দ্রীক একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা হউক।”
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ২। জনাব জয়নাল আবদিন (ফেনী-২), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, ফেনী পৌরসভাকে সিটি কর্পোরেশন এ উন্নীত করা হউক।”
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৩। জনাব মোঃ শাহাদাত হোসেন (লক্ষ্মীপুর-১), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, লক্ষ্মীপুর জেলার রামগঞ্জ উপজেলার জরাজীর্ণ পশু হাসপাতালের স্থলে অত্যাধুনিক একটি পশু হাসপাতাল নির্মাণ করা হউক।”
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৪। জনাব আখতার হোসেন (রংপুর-৪), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, রংপুর জেলার পীরগাছা ও কাউনিয়া উপজেলায় বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হউক।”
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৫। জনাব মোঃ সাদিক রিয়াজ (দিনাজপুর-২), মাননীয় সদস্য, নিম্নলিখিত সিদ্ধান্ত-প্রস্তাবটি উত্থাপন করিবেন:-
“সংসদের অভিমত এই যে, দিনাজপুর জেলার সেতাবগঞ্জ বন্ধ চিনি কলটি পুনরায় চালু করা হউক।”
(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

আইন-প্রণয়ন কার্যাবলী

- ১(ক)। জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী, মাননীয় অর্থ মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিলটি [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) বিল, ২০২৬] বিশেষ কমিটি কর্তৃক সুপারিশকৃত আকারে অবিলম্বে বিবেচনার জন্য গ্রহণ করা হউক।

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

১(খ)। জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী, মাননীয় অর্থ মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিলটি [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (সংশোধন) বিল, ২০২৬] পাস করা হউক।

২(ক)। জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী, মাননীয় অর্থ মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর সংশোধনকল্পে আনীত বিলটি [বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সংশোধন) বিল, ২০২৬] বিশেষ কমিটি কর্তৃক সুপারিশকৃত আকারে অবিলম্বে বিবেচনার জন্য গ্রহণ করা হউক।

(সংশোধনী পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২(খ)। জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী, মাননীয় অর্থ মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর সংশোধনকল্পে আনীত বিলটি [বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (সংশোধন) বিল, ২০২৬] পাস করা হউক।

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা
এবং ধন্যবাদ প্রস্তাব গ্রহণ।

ঢাকা,
১৬ বৈশাখ ১৪৩৩
২৯ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।